দৈনিক সংবাদ

তারিখ 08 AUG 1995
পৃষ্ঠা ৪ কলাম ৭

৬১

## চট্টগ্রাম শিক্ষা বোর্ডঃ সাবেক ৫টি জেলা নিয়ে কাজ শুরু

নিজস্ব বার্তা পরিবেশক কর্তৃক একটি গুরুত্বপূর্ণ খবর প্রকাশিত হয়েছে গত ১৬ই জুলাই '৯৫ তারিখে 'সংবাদ' পত্রিকার প্রথম পৃষ্ঠার ৬ ও ৭ এর কলামে বড় বড় অক্ষরে লেখা ''চট্টগ্রাম শিক্ষা বোর্ডঃ সাবেক ৫টি জেলা নিয়ে কাজ শুরু। খবরটি প্রশংসনীয় এবং জাতীয় শিক্ষা ক্ষেত্রে বিশেষ গুরুত্ব রাখবে নিঃসন্দেহে। কিন্তু দুঃখ হচ্ছে বার্তা পরিবেশক মহোদয় কিভাবে লিখলেন ''চট্টগ্রাম শিক্ষা বোর্ড ঃ সাবেক ৫টি জেলা নিয়ে কাজ শুরুর কথাটি''! কুমিল্লা শিক্ষা বোর্ড কি বিলুপ্ত হচ্ছে? কেননা চট্টগ্রামের সাবেক ৫টি জেলা বুঝতে চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম, কুমিল্লা নোয়াখালী ও সিলেটকে বুঝায়।

'সংবাদ'-এর মত জাতীয় গুরুত্বপূর্ণ এই পত্রিকায় ভুল তথ্য প্রকাশিত হলে বড় দুঃখ হয় 'সংবাদ'-এর সংশ্লিষ্ট সকলের সজাগ কৃপা দৃষ্টি রাখার জন্য সবিনয়ে অনুরোধ করছি।

মোঃ আবদুল হামিদ মিয়া
থানা-পশু সম্পদ সহকারী, ফুলছড়ি,
গাইবান্ধা